গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও
পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০০০.০৫৭.২২.০১৪.২৬-৭০৯

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩ / ০২ সেপ্টেম্বর ২০২৬

**বিষয়: 'জেলা ভূমিসেবা কেন্দ্র ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৬' অনুসরণে জেলা ভূমিসেবা কেন্দ্রে মতামত বাক্স স্থাপন এবং ভূমি বিষয়ক সচেতনতামূলক ব্যানার, সিসি ক্যামেরা ও কিয়স্ক মেশিন স্থাপন এবং ত্রৈমাসিক মূল্যায়ন কার্যক্রম গ্রহণ।**

সূত্র: 'জেলা ভূমিসেবা কেন্দ্র ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৬', ভূমি মন্ত্রণালয়, শ্রাবণ ১৪৩৩/আগস্ট ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নাগরিকগণকে বিনামূল্যে ভূমিসেবা সহায়তা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের উদ্যোগে ও ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের সহযোগিতায় ইতোমধ্যে দেশের ৬১টি জেলায় 'জেলা ভূমিসেবা কেন্দ্র' স্থাপনের নির্দেশনা প্রদান করা হয়েছে এবং এর সুষ্ঠু পরিচালনার লক্ষ্যে 'জেলা ভূমিসেবা কেন্দ্র ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৬' প্রণয়ন করা হয়েছে। উক্ত নির্দেশিকা যথাযথভাবে অনুসরণপূর্বক জেলা ভূমিসেবা কেন্দ্রসমূহে সেবার মান ও সেবাগ্রহীতাদের সন্তুষ্টি নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়সমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো:

**ক। মতামত বাক্স স্থাপন:** প্রতিটি জেলা ভূমিসেবা কেন্দ্রে সেবাগ্রহীতাদের জন্য দৃশ্যমান স্থানে একটি 'মতামত বাক্স' স্থাপন করতে হবে, যাতে নাগরিকগণ সেবা প্রাপ্তি সংক্রান্ত অভিযোগ, পরামর্শ বা মতামত লিখিতভাবে জমা দিতে পারেন। মতামত বাক্সটি নিয়মিত বিরতিতে (সাপ্তাহিক ভিত্তিতে) সংশ্লিষ্ট তদারকি কর্মকর্তা কর্তৃক খোলা এবং প্রাপ্ত অভিযোগ/পরামর্শ যথাযথ পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এর সারসংক্ষেপ কেন্দ্র পরিচালকের নিকট উপস্থাপন করতে হবে।

**খ। ভূমিসেবা বিষয়ক সচেতনতামূলক ব্যানার সংযোজন:** জেলা ভূমিসেবা কেন্দ্রের অভ্যন্তরে ও প্রবেশপথে ভূমিসেবা সংক্রান্ত জনসচেতনতামূলক ব্যানার/ফেস্টুন/পোস্টার প্রদর্শন করতে হবে, যাতে অনলাইন খতিয়ান ও সার্টিফাইড কপি প্রাপ্তি, ভূমি উন্নয়ন কর পরিশোধ, নামজারি আবেদন দাখিল, নির্ধারিত সরকারি ফি, হেল্পলাইন নম্বর (১৬১২২) ইত্যাদি সংক্রান্ত তথ্য সহজবোধ্যভাবে প্রদর্শিত থাকে। ভূমি মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত ব্যানার/স্ট্যান্ডি/সাইনবোর্ডের নমুনা অনুসরণ করে স্থানীয়ভাবে মুদ্রণপূর্বক তা যথাস্থানে স্থাপন করতে হবে।

**গ। সিসি ক্যামেরা ও কিয়স্ক মেশিন স্থাপন:** প্রতিটি জেলা ভূমিসেবা কেন্দ্রের নিরাপত্তা ও স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে জেলা প্রশাসকের নিজস্ব ব্যবস্থাপনায় সিসি ক্যামেরা স্থাপন এবং ফুটেজ যথাযথভাবে সংরক্ষণ করা যেতে পারে। এছাড়া সম্ভব হলে সেবাগ্রহীতাদের সহজে তথ্য অনুসন্ধান, টোকেন গ্রহণ ও সেবা সংক্রান্ত প্রাথমিক তথ্য প্রাপ্তির সুবিধার্থে কিয়স্ক মেশিন স্থাপনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

**ঘ। ত্রৈমাসিক মূল্যায়ন:** ভূমি মন্ত্রণালয়ের পক্ষ হতে প্রতি ৩ (তিন) মাস অন্তর জেলা ভূমিসেবা কেন্দ্রসমূহের কার্যক্রম মূল্যায়ন করা হবে। মূল্যায়নের ক্ষেত্রে সেবা প্রদানের সংখ্যা ও মান, মতামত বাক্সে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির হার, অবকাঠামোগত প্রস্তুতি (ব্যানার, সিসি ক্যামেরা, কিয়স্ক মেশিন ইত্যাদি), তথ্য নিরাপত্তা ব্যবস্থা এবং নাগরিক সন্তুষ্টি বিবেচনায় নেওয়া হবে। এ লক্ষ্যে প্রতি তিন মাস শেষে পরবর্তী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জেলা প্রশাসক কার্যালয় হতে নির্ধারিত ছকে একটি প্রতিবেদন ভূমি মন্ত্রণালয়ের DKMP অনুবিভাগে প্রেরণ করতে হবে।

**ঙ।** 'জেলা ভূমিসেবা কেন্দ্র ব্যবস্থাপনা নির্দেশিকা ২০২৬' অনুযায়ী 'জেলা ভূমিসেবা কেন্দ্র' স্থাপন ও পরিচালনা করতে হবে।

২। উপর্যুক্ত বিষয়সমূহ যথাযথ গুরুত্ব সহকারে বাস্তবায়নপূর্বক 'জেলা ভূমিসেবা কেন্দ্র' হতে প্রদত্ত সেবার মান জনবান্ধব ও স্বচ্ছ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। জেলা ভূমিসেবা কেন্দ্র ব্যবস্থাপনা নির্দেশিকা ২০২৬ (১০ টি)
২। সাইনবোর্ড ও ব্যানার এর ৪ টি নমুনা (অফিসিয়াল ই-মেইলে প্রেরিত)

০২/০৯/২০২৬

সাদেকুর রহমান
উপসচিব
ফোন: +৮৮ ০২ ২২৩৩৫৭
ই-মেইল: lsdmc1@minland.gov.bd

জেলা প্রশাসক (সকল)
(৩ পার্বত্য জেলা ব্যতীত)

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**
১। বিভাগীয় কমিশনার (সকল)।
২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়
৩। মন্ত্রীর সহকারী একান্ত সচিব (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়।

CamScanner